'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 2nd Semester Examination, 2022

## CC3-BENGALI

Time Allotted: 2 Hours Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

### বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) 'সমাচার চন্দ্রিকা' পত্রিকাটির প্রকাশকাল ও দু'জন সম্পাদকের নাম উল্লেখ করো।

(খ) 'সংবাদ প্রভাকর' কার সম্পাদনায়, কবে প্রথম প্রকাশিত হয় ? পত্রিকাটির দৈনিক প্রকাশ কখন শুরু হয় ?

(গ) 'বঙ্গদর্শন' পত্রিকার প্রথম প্রকাশকাল ও ক্রমানুযায়ী দু'জন সম্পাদকের নাম উল্লেখ করো।

(ঘ) বিদ্যোৎসাহিনী সভা কে, কবে প্রতিষ্ঠা করেন ? তাঁর রচিত দুটি নাটকের নাম উল্লেখ করো।

(ঙ) নিম্নলিখিত গ্রন্থগুলির রচয়িতার নাম উল্লেখ করোঃ

'চোখের বালি', 'শ্রীকান্ত', 'পথের পাঁচালী', 'পুতুলনাচের ইতিকথা', 'রূপসী বাংলা', 'বন্দীর বন্দনা'।

(চ) রবীন্দ্রনাথের মহাকাব্যিক উপন্যাস কোন্‌টি ? এটির প্রকাশকাল উল্লেখ করো। উপন্যাসটি ধারাবাহিকভাবে প্রথম কোথায় প্রকাশিত হয় ?

### বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) সামাজিক উপন্যাস রচনায় বঙ্কিমচন্দ্রের কৃতিত্বের পরিচয় দাও।

(খ) মধুসূদন দত্তের রচিত দুটি প্রহসনের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(গ) 'সবুজপত্র' পত্রিকাটি কত খ্রীষ্টাব্দে, কার সম্পাদনায় প্রকাশিত হয়। বাংলা গদ্যচর্চার ইতিহাসে এই পত্রিকার অবদান আলোচনা করো।

(ঘ) যে-কোনো একটি গ্রন্থ সম্পর্কে টীকা লেখোঃ

'সারদামঙ্গল', 'অগ্নিবীণা'।

(ঙ) গিরীন্দ্রমোহিনী দাসীর কাব্যপ্রতিভার পরিচয় দাও।

(চ) ঔপন্যাসিক প্যারীচাঁদ মিত্রের পরিচয় দাও।

Maynaguri College Library

## বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) রবীন্দ্রপরবর্তী বাংলা সাহিত্যের বিকাশে 'কল্লোল' পত্রিকাটির ভূমিকা আলোচনা করো।

(খ) নাট্যকার দীনবন্ধু মিত্রের পরিচয় দাও।

(গ) ছোটগল্পকার মানিক বন্দ্যোপাধ্যায়ের পরিচয় দাও।

(ঘ) ঔপন্যাসিক তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্ব আলোচনা করো।

——×——

Maynaguri College Library

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 2nd Semester Examination, 2022

## CC3-BENGALI

### OLD SYLLABUS

Time Allotted: 2 Hours  Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ  ৩×৪ = ১২

(ক) ফোর্ট উইলিয়াম কলেজ কে, কবে, কী উদ্দেশ্যে প্রতিষ্ঠা করেন ?

(খ) মধুসূদন দত্ত রচিত মহাকাব্যটির নাম কী ? এর কাহিনি অংশ কোন্ গ্রন্থের, কোন্ অংশ থেকে নেওয়া?

(গ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের প্রথম উপন্যাসের নাম কি ? এটি কবে প্রকাশিত হয় ? এর পরিপূরক গ্রন্থ কোন্‌টি ?

(ঘ) তত্ত্ববোধিনী পত্রিকা কবে, কোথা থেকে প্রকাশিত হয় ? এর সম্পাদক কে ছিলেন ? পত্রিকাটি প্রকাশের উদ্দেশ্য কী ছিল ?

(ঙ) সময়কাল উল্লেখ করে ভারতীয় আর্যভাষার স্তরবিন্যাস করো।

(চ) স্বরভক্তি কথাটির অর্থ কি ? উদাহরণসহ স্বরভক্তির পরিচয় দাও।

২। যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ  ৬×৪ = ২৪

(ক) বাংলা গদ্যসাহিত্যে কালীপ্রসন্ন সিংহের অবদান আলোচনা করো।

(খ) উনিশ শতকের মহিলা কবি গিরীন্দ্রমোহিনী দাসীর প্রতিভার মূল্যায়ন করো।

(গ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের ঐতিহাসিক রোমান্সগুলির পরিচয় দাও।

(ঘ) অতিপ্রাকৃত গল্পের স্রষ্টা হিসেবে রবীন্দ্রনাথ ঠাকুরের প্রতিভার পরিচয় দাও।

(ঙ) বাংলা উপভাষা কয়টি ? প্রত্যেকটির ভৌগোলিক সীমা উল্লেখ করো। এগুলির মধ্যে কোন্‌টিকে, কেন কেন্দ্রীয় উপভাষা বলে ?

(চ) বাংলা শব্দভাণ্ডারের মৌলিক উপাদানগুলি সম্পর্কে আলোচনা করো।

৩। যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ  ১২×২ = ২৪

(ক) বাংলা গদ্যের বিকাশে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান আলোচনা করো।

(খ) রবীন্দ্রনাথ ঠাকুরের উপন্যাসগুলির কালানুক্রমিক বিশ্লেষণ করো।

(গ) বাংলাভাষার উৎপত্তির সংক্ষিপ্ত ইতিহাস লেখো।

(ঘ) ধ্বনি পরিবর্তনের কারণগুলি সম্পর্কে আলোচনা করো।

——×——



Maynaguri College Library

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 2nd Semester Examination, 2022

## CC4-BENGALI

Time Allotted: 2 Hours　　　　Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

Maynaguri College Library

### বিভাগ-ক

১। যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ　　৩×৪ = ১২

(ক) আর্যভাষা বিবর্তনে 'OIA', 'MIA', এবং 'NIA'-এর পূর্ণনাম উল্লেখ করো।

(খ) প্রাচীন ভারতীয় আর্যভাষার সময়কাল উল্লেখ করে, এই পর্বের উল্লেখযোগ্য সাহিত্য নিদর্শনটির নাম উল্লেখ করো।

(গ) নারিকেল > নারকেল – ধ্বনি পরিবর্তনের কোন্ সূত্রটি এখানে অনুসৃত হয়েছে ? এরূপ আরো দুটি উদাহরণ দাও।

(ঘ) প্রাচীন বাংলার উল্লেখযোগ্য সাহিত্য নিদর্শন কোন্‌টি ? এটি কে, কোথা থেকে আবিষ্কার করেন ?

(ঙ) প্রকারভেদ সমেত সমীভবনের আলোচনা করো।

(চ) লিপ্যান্তর করোঃ (IPA)

''চুল তার কবেকার অন্ধকার বিদিশার নিশা''

### বিভাগ-খ

২। যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ　　৬×৪ = ২৪

(ক) কালসীমা উল্লেখ করে, আধুনিক বাংলা ভাষার পাঁচটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

(খ) উদাহরণসহ সংজ্ঞা লেখোঃ

'স্বরসঙ্গতি', 'নাসিক্যীভবন'।

(গ) উপভাষা কাকে বলে ? 'কামরূপী' উপভাষার পাঁচটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

(ঘ) বাংলা শব্দভাণ্ডারে আগন্তুক শব্দ সম্পর্কে আলোচনা করো।

(ঙ) মধ্যস্বরাগম ও মধ্যস্বর লোপের অপর নাম কী ? উদাহরণসহ বিষয়দুটি বুঝিয়ে দাও।

(চ) ধ্বনি পরিবর্তনের ধারায় 'অপিনিহিতি' ও 'অভিশ্রুতি' বিষয়দুটি বুঝিয়ে, এদের সম্পর্ক নির্ণয় করো।

## বিভাগ-গ

৩। যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) ইন্দো-ইউরোপীয় ভাষা থেকে, বাংলা ভাষা উদ্ভবের ক্রমপর্যায়গুলি আলোচনা করো।

(খ) বাংলা স্বরধ্বনির সংজ্ঞা দাও। এই ভাষায় মৌলিক স্বরধ্বনি কয়টি ও কী কী ? একটি রেখাচিত্রের সাহায্যে বাংলা স্বরধ্বনিগুলি বর্গীকৃত করো।

(গ) উপযুক্ত উদাহরণসহ অর্থপরিবর্তনের সূত্রগুলি উল্লেখ করো।

(ঘ) প্রাচীন বাংলা ভাষার পাঁচটি ধ্বনিতাত্ত্বিক ও পাঁচটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য উল্লেখ করো।

——×——

Maynaguri College Library

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 2nd Semester Examination, 2022

## DSC1/2-P2-BENGALI

### OLD SYLLABUS

Time Allotted: 2 Hours Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

Maynaguri College Library

### বিভাগ-ক

১। যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) অক্ষর কাকে বলে ? অক্ষর কত প্রকার ও কী কী ? উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

(খ) বাংলা ছন্দের আলোচনায় 'ছেদ' ও 'যতি'র মধ্যে কার গুরুত্ব স্বীকৃত হয়েছে ? উদাহরণসহ ছেদ ও যতির পার্থক্য বুঝিয়ে দাও।

(গ) পর্ব কাকে বলে ? উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

(ঘ) 'যমক' অলংকারের সংজ্ঞা ও উদাহরণ দাও।

(ঙ) 'অপহ্নুতি' অলংকারের সংজ্ঞা ও উদাহরণ দাও।

(চ) শ্লেষে'র সংজ্ঞা উদাহরণ ও শ্রেণীবিভাগ করো।

### বিভাগ-খ

২। যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) **ছন্দলিপি নির্ণয় করোঃ**

''দুর্গম গিরি কান্তার মরু দুস্তর পারাবার
লঙ্ঘিতে হবে রাত্রি নিশীথে যাত্রীরা হুঁশিয়ার।''

(খ) **ছন্দলিপি নির্ণয় করোঃ**

''আমার ঘরে ছুটির বন্যা তোমার লাফে ঝাঁপে
কাজকর্ম হিসাব কিতাব থরথরিয়ে কাঁপে।''

(গ) **অলংকার নির্ণয় করোঃ (ব্যাখ্যাসহ)**

''নামে সন্ধ্যা তন্দ্রালসা সোনার আঁচল খসা
হাতে দীপশিখা।''

(ঘ) **অলংকার নির্ণয় করোঃ (ব্যাখ্যাসহ)**

''কলকল্লোলে লাজ দিলা আজ
নারী কণ্ঠের কাকলি।''

(ঙ) বক্রোক্তি কাকে বলে ? শ্রেণীবিভাগ করে উদাহরণসহ এই অলংকারের আলোচনা করো।

(চ) টীকা লেখোঃ (যে-কোনো ***দুটি*** )

স্তবক, পদ, পংক্তি, লয়।

**বিভাগ-গ**

৩। যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) সনেটের সংজ্ঞা দাও। বিভিন্ন শ্রেণীর সনেটের পরিচয় দাও।

(খ) কলাবৃত্ত ছন্দের সংজ্ঞা দাও। উদাহরণসহ কলাবৃত্ত ছন্দের বৈশিষ্ট্য ও পরিচয় দাও।

(গ) শ্লেষ ও যমক অলংকারের তুলনামূলক পরিচয় দাও।

(ঘ) শব্দালংকার বলতে কী বোঝো ? শব্দালংকারের বিভিন্ন শ্রেণীর সংক্ষিপ্ত পরিচয় দাও।

——×——

Maynaguri College Library

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 2nd Semester Examination, 2022

## DSC1/2-P2-BENGALI

Time Allotted: 2 Hours Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) দল কাকে বলে ? দলের প্রকারভেদ করো।

(খ) মাত্রা বলতে কী বোঝো ? বাংলা তিনপ্রকার ছন্দে মাত্রাগণনা পদ্ধতি লেখো।

(গ) লয় কাকে বলে ? প্রত্যেক প্রকার লয়ের উদাহরণ দাও।

(ঘ) শ্লেষ কাকে বলে ? উদাহরণ দিয়ে বোঝাও।

(ঙ) উৎপ্রেক্ষা অলঙ্কার কতপ্রকার ? প্রত্যেক প্রকারের উদাহরণ দাও।

(চ) ব্যাজস্তুতি কাকে বলে ? উদাহরণসহ বুঝিয়ে দাও।

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

**ছন্দোলিপি প্রস্তুত করোঃ**

(ক) সব কিছুতেই বাংলা হবে
বাংলা ভাষা পূর্ণ তবে
কোথায় সে সব স্বপ্নমালা
আজো মলিন বর্ণমালা।

(খ) এ কথা জানিতে তুমি ভারত ঈশ্বর সাজাহান
কালস্রোতে ভেসে যায় জীবন যৌবন ধনমান।

(গ) হাথক দরপণ মাথক ফুল।
নয়নক অঞ্জন মুখক তাম্বুল॥

**অলঙ্কার নির্ণয় করোঃ**

(ঘ) (অ) দেখিবারে আঁখি পাখি ধায়।

(আ) কলকল্লোলে লাজ দিল আজ
নারীকণ্ঠের কাকলি।

Maynaguri College Library

(ঙ) (অ) আকাশ রয়েছে চাহি, নয়নে নিমেষ নাহি।

(আ) ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়
পূর্ণিমা চাঁদ যেন ঝলসানো রুটি।

(চ) (অ) ভারত ভারত খ্যাত আপনার গুণে।

(আ) বন থেকে এলো এক টিয়ে মনোহর
সোনার টোপর শোভে মাথার উপর।

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) অক্ষরবৃত্ত বা মিশ্রকলাবৃত্ত বা তানপ্রধান ছন্দের স্বরূপ বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা করো।

(খ) কলাবৃত্ত ছন্দের স্বরূপ বৈশিষ্ট্য আলোচনা করো। প্রত্নকলাবৃত্ত কাকে বলে ? তার স্বরূপ বৈশিষ্ট্য উদাহরণসহ লেখো।

(গ) অনুপ্রাস অলঙ্কারের সংজ্ঞা নিরূপণ করো। উদাহরণসহ বিভিন্ন বিভাগগুলি আলোচনা করো।

(ঘ) উপমা অলঙ্কার কাকে বলে ? উপমার কয়টি উপাদান ও কী কী ? উদাহরণসহ এর শ্রেণীবিভাগগুলি আলোচনা করো।

——×——

Maynaguri College Library

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 2nd Semester Examination, 2022

## GE1-P2-BENGALI

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

### বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) শব্দালঙ্কার কাকে বলে ? উদাহরণ দাও।

(খ) উদাহরণসহ সংজ্ঞা লেখোঃ শ্লেষ অলংকার।

(গ) অমিত্রাক্ষর ছন্দ বলতে কি বোঝো ? উদাহরণ দাও।

(ঘ) ডোকরা কোথাকার লোকশিল্প ? ডোকরা কিভাবে তৈরী হয় ?

(ঙ) অতি সংক্ষেপে ভাওয়াইয়ার বৈশিষ্ট্য লেখো।

(চ) ঝুমুর কোন্ অঞ্চলের গান ? উদাহরণ দাও।

### বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) উদাহরণসহ সংজ্ঞা লেখোঃ পদ, পংক্তি, চরণ।

(খ) শ্রেণী বিভাজন সহ রূপক অলংকারের পরিচয় দাও।

(গ) স্বরবৃত্ত ছন্দের সাধারণ বৈশিষ্ট্যগুলো সংক্ষেপে লেখো।

(ঘ) আলকাপ, খন, চোর-চুন্নী এগুলো কি ? সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঙ) অলংকার নির্ণয় করোঃ

(অ) কাক কালো কোকিল কালো কালো কন্যার কেশ।

(আ) এমন মানব জমিন রইল পতিত
আবাদ করলে ফলতো সোনা।

(ই) চোখে চোখে কথা নয়গো বন্ধু আগুনে আগুনে কথা।

(চ) ছন্দোলিপি প্রস্তুত করোঃ

(অ) দুর্গম গিরি কান্তার মরু, দুস্তর পারাবার
লঙ্ঘিতে হবে রাত্রি নিশীথে, যাত্রীরা হুঁশিয়ার।

Maynaguri College Library

(আ) কে মেরেছে কে ধরেছে কে দিয়েছে গাল
তাই তো খুকু রাগ করেছে ভাত খায়নি কাল।

**বিভাগ-গ**

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) মাত্রাবৃত্ত ছন্দকে আর কোন্ কোন্ নামে অভিহিত করা হয় ? এই ছন্দের বৈশিষ্ট্যগুলো উদাহরণসহ আলোচনা করো।

(খ) রূপক অলংকার কাকে বলে ? উপযুক্ত উদাহরণসহ রূপক অলংকারের শ্রেণীবিভাজন করো।

(গ) ছড়ার বিষয় বৈচিত্র্য আলোচনা করো।

(ঘ) প্রবাদে প্রতিফলিত সমাজচিত্রের পরিচয় দাও।

——×——

Maynaguri College Library

'समानो मन्त्रः समितिः समानी'

**UNIVERSITY OF NORTH BENGAL**

B.A. Honours 2nd Semester Examination, 2022

# GE1-P2-BENGALI

## OLD SYLLABUS (REG. SESSION 2018 AND 2019)

Time Allotted: 2 Hours — Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

Maynaguri College Library

### বিভাগ-ক

১। যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ — ৩×৪ = ১২

(ক) যতি কি ? উদাহরণসহ বুঝিয়ে দাও।

(খ) লয় কাকে বলে ? উদাহরণসহ লয়ের পরিচয় দাও।

(গ) বাংলা ছন্দে ছেদ-এর গুরুত্ব বুঝিয়ে দাও।

(ঘ) ব্যাজস্তুতি অলংকারের সংজ্ঞা ও উদাহরণ দাও।

(ঙ) ছড়া কাকে বলে ? একটি ছড়ার উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

(চ) 'ছেলে ভুলানো ছড়া-১' – কোন্ পত্রিকায়, কত সালে প্রকাশিত হয় ?

### বিভাগ-খ

২। যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ — ৬×৪ = ২৪

(ক) **ছন্দলিপি নির্ণয় করোঃ**

ফসল কাটা হয়ে গেলে মাঠ হয়ে যায় ফাঁক
অনাদরের শষ্য গজায় তুচ্ছ দামের শাক।

(খ) **ছন্দলিপি নির্ণয় করোঃ**

এই গাঁয়ের এক চাষার ছেলে লম্বা মাথার চুল
কালো মুখেই কালো ভ্রমর! কিসের রঙিন ফুল।

(গ) **অলংকার নির্ণয় করোঃ (ব্যাখ্যাসহ)**

বক্ষবীণায় বেদনার তার
এই মত পুনঃ বাঁধিব আবার।

(ঘ) **অলংকার নির্ণয় করোঃ (ব্যাখ্যাসহ)**

''আকাশের রঙ ঘাস ফড়িঙের দেহের
মতো কোমল নীল।''

(ঙ) মুক্তক ছন্দের প্রকৃতি আলোচনা করো।

(চ) ছড়ার গঠন ও বিষয়-বৈচিত্র্য সম্বন্ধে আলোচনা করো।

**বিভাগ-গ**

৩। যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) রবীন্দ্রনাথের ‘ছেলে ভুলানো’ ছড়াটির পরিচয় দাও।

(খ) সংজ্ঞা ও উদাহরণসহ দলবৃত্ত ছন্দের বিস্তৃত পরিচয় দাও।

(গ) সনেট-এর সংজ্ঞা দাও। বিভিন্ন শ্রেণীর সনেটের গঠনপ্রকৃতি আলোচনা করো।

(ঘ) রূপক অলংকারের সংজ্ঞা দাও। রূপকের শ্রেণী পরিচয় দাও।

——×——

Maynaguri College Library

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 2nd Semester Examination, 2022

## CC4-BENGALI

### OLD SYLLABUS (REG. SESSION 2018 AND 2019)

Time Allotted: 2 Hours Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) মহাকবি কালিদাসের রচনাগুলির নাম লেখো।

(খ) ভবভূতির 'মালতীমাধব' নাটকের উৎস সম্পর্কে লেখো।

(গ) বাণভট্টের 'কাদম্বরী' কী জাতীয় কাব্য ? এই কাব্যে কাহিনী কয়টি ?

(ঘ) 'লিসিভাস' কার রচনা ? এটি কি বিষয়ক রচনা ?

(ঙ) 'প্রমিথিউস্ আনবাউন্ড' কার রচনা ? এটি কি বিষয়ক কাব্য ?

(চ) 'গ্রোথ অফ এ পোয়েট্স মাইন্ড' কার লেখা কাব্য ? কোথা থেকে কবি এর উপাদান সংগ্রহ করেছেন ?

২। যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) জয়দেবের কাব্যটির নাম কি ? তাঁর কাব্যের বিভাগগুলি নিয়ে সংক্ষিপ্ত আলোচনা করো।

(খ) ভবভূতির 'উত্তর রামচরিত' কাব্যের বিশিষ্টতা আলোচনা করো।

(গ) জন কীট্স-এর 'এন্ডিমিয়ন' কাব্যটি কার আদর্শে রচিত ? এই কাব্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা কর।

(ঘ) চার্লস ডিকেন্সের আত্মজীবনীমূলক উপন্যাসের নাম কি ? এর সংক্ষিপ্ত আলোচনা করো।

(ঙ) 'হর্ষচরিত' কাব্য কার রচনা ? কাব্যটি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(চ) টি. এস. এলিয়টের একটি বিখ্যাত কবিতার বিষয়বস্তু আলোচনা করো।

৩। যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) নাট্যকার শেক্সপীয়রের প্রতিভার মূল্যায়ন করো।

(খ) মহাকবি কালিদাসের কাব্যগুলো সংক্ষেপে আলোচনা করে তাঁর প্রতিভার পরিচয় দাও।

(গ) 'মৃচ্ছকটিকম্' কার রচনা এবং কী জাতীয় গ্রন্থ ? এই গ্রন্থের বিষয়বস্তু ও রচনার বিশেষত্ব আলোচনা করো।

(ঘ) রোমান্টিক কাব্য আন্দোলনের অন্যতম পথিকৃৎ উইলিয়ম ওয়ার্ডসওয়ার্থ-এর রচনার অভিনবত্ব ও কাব্য প্রতিভার মূল্যায়ন করো।

——×——

Maynaguri College Library